



স্মারক নং: পিটিআই/মাদারী/বিটিপিটি/২০২৫/২৯১

তারিখ: ১০ আষাঢ় ১৪৩২
২৪ জুন ২০২৫

বিষয়: অনুপস্থিতির কারণে পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) কোর্স থেকে রেজিস্ট্রেশন বাতিল প্রসঙ্গে।

সূত্র: পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩ এর ১৮.১ নং উপধারা এবং প্রশিক্ষণার্থীদের হাজিরা রেকর্ড।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিটিআই মাদারীপুর এর জানুয়ারি-অক্টোবর ২০২৫ শিক্ষাবর্ষের পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) কোর্সের প্রশিক্ষণার্থী জনাব জসিম উদ্দিন, রেজিস্ট্রেশন/আইডি নম্বর ২৫২৬১৩৫০৯৮২, শ্রেণি রোল নং: ৭৯, সহকারী শিক্ষক, জলকর শরিফ কান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, উপজেলা: রাজৈর, জেলা: মাদারীপুর গত ০৫ জানুয়ারি ২০২৫ হতে ০৭ মে ২০২৫ পর্যন্ত বিচ্ছিন্নভাবে বিভিন্ন সেশনে ১০ কর্মদিবস এর অধিক বিনানুমতিতে অনুপস্থিত থাকায় তাকে স্মারক নং- পিটিআই/মাদারী/বিটিপিটি/জানু-অক্টো.-২৫/২০২৫/২৫৫, তারিখ: ০৭ মে ২০২৫ মোতাবেক কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। জবাবে তিনি বিনানুমতিতে অনুপস্থিতির বিষয়ে দুঃখ প্রকাশ এবং ভবিষ্যতে আর কোন সেশনে অনুপস্থিত থাকবেন না মর্মে অঙ্গিকার করায় তাকে মানবিক কারণে কোর্স চলমান রাখার সুযোগ প্রদান করা হয়। কিন্তু তিনি গত ৩০/০৫/২০২৫ খ্রি. তারিখ থেকে ২১/০৬/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত দীর্ঘ ছুটির পর অদ্যাবধি বিনানুমতিতে বিটিপিটি প্রশিক্ষণে অনুপস্থিত রয়েছেন যা বিটিপিটি বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩ এর ১৮.১ নং উপধারা, সরকারি চাকরি আইন ২০১৮ এর ২৯ এর (১), (২), (৩) ও সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা ২০১৯ এর ধারা ৩ এর (১), (২); ৪ এর (১), (২); ৫ এর (১), (২) এর পরিপন্থী। এমতাবস্থায়-

০২। পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩ এর ১৮.১ উপধারা মোতাবেক পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) কোর্স থেকে তাঁর রেজিস্ট্রেশন বাতিল করা হলো।

০৩। উল্লেখিত প্রশিক্ষণার্থীর দায়িত্বে অবহেলার জন্য পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) কোর্স থেকে রেজিস্ট্রেশন বাতিলের কারণে উপধারা ১৮.১ এর নির্দেশনা মতে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাদারীপুরকে অনুরোধ করা হলো।

০৪। রেজিস্ট্রেশন বাতিলকৃত শিক্ষার্থী প্রশিক্ষণ ভাতা গ্রহণ করে থাকলে পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩ এর ১৭.৭.৪ উপধারা অনুসারে লিখতে হবে (ভাতাদি গ্রহণ করলে প্রশিক্ষণ ভাতাসহ অন্যান্য ভাতাদি সংশ্লিষ্ট কোডে সরকারি খাতে জমা দিতে হবে) এবং প্রশিক্ষণ ভাতা গ্রহণ না করে থাকলে প্রশিক্ষণ ভাতা গ্রহণ করেননি মর্মে উল্লেখ করতে হবে।

উল্লেখ্য, ইতোপূর্বে তিনি তিন মাসের প্রশিক্ষণ ভাতা বাবদ ৪০০০×৩ = ১২০০০/- টাকা এবং কিট এলাউন্স বাবদ ৩০০০/- টাকা গ্রহণ করেছেন।

প্রাপক

চেয়ারম্যান, ডিপিএড বোর্ড ও মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ

(মো: আতোয়ার রহমান বিশ্বাস)
সুপারিনটেনডেন্ট
পিটিআই, মাদারীপুর।
মোবাইল: ০১৭১৬-৫৮৩৩০২

স্মারক নং: পিটিআই/মাদারী/বিটিপিটি/২০২৫/২৯১

তারিখ: ১০ আষাঢ় ১৪৩২
২৪ জুন ২০২৫

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২. চেয়ারম্যান, ডিপিএড বোর্ড ও মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৩. পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা-১২১৬।
৫. প্রোগ্রামার, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাদারীপুর।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক, ডিপিএড বোর্ড, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি, ময়মনসিংহ।
৮. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজৈর, মাদারীপুর।
৯. প্রধান শিক্ষক, জলকর শরিফ কান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাজৈর, মাদারীপুর।
১০. জনাব জসিম উদ্দিন, শ্রেণি রোল: ৮৯, সেশন: জানুয়ারি-অক্টোবর ২০২৫ ও সহকারী শিক্ষক, জলকর শরিফ কান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাজৈর, মাদারীপুর।
১১. অফিস কপি।

(মো: আতোয়ার রহমান বিশ্বাস)
সুপারিনটেনডেন্ট
পিটিআই, মাদারীপুর।
মোবাইল: ০১৭১৬-৫৮৩৩০২